7687 D 6188 1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

Admissible under Regn. Rule 21 duly stamped under the Indian stamp Act-1899 as ammended by Act-III of-1922 & section 82 (I) of the Calcutta Improvement Act-1911 schedule.............
1A... 33 + 4
Stamp duly paid under the Indian Stamp Act, 1899 of Amended in 1964 Rs.............
Additional duty paid under the Calcutta Improvement Act-1911 Rs.....................P..........
Total Rs...........

Dist. Sub-Registrar III Alipore. South 24-Parganas
18/11/02

U/S 9 (8) of the WB. prevention of under Valuation of Instruments Rule 1994
Market Value Assessed Rs 1014250/-
Deficit Stamp of Rs. 21370/-

Dist. Sub-Registrar III Alipore. South 24-Parganas
14/11/02

: দানপত্র দলিল :

দানকৃত সম্পত্তির মূল্য :- ১,৬০,০০০.০০ এক লক্ষ ষাট হাজার টাকা

---

A 1749
E 7
H 28
M6 4
1788

দানপত্র গ্রহিতাগণ :-

১। শ্রী হারান চন্দ্র নস্কর,

২। শ্রী জয়দেব নস্কর,

৩। শ্রী গৌর চন্দ্র নস্কর, সকলের পিতা স্বর্গীয় দাশরথী নস্কর, সকলের জাতি - হিন্দু, পেশা- চাকুরী,

সকলের সাকিন - ৩৭নং পুর আর্য্য বিদ্যালয় রোড,

থানা- কসবা, কোলকাতা - ৭০০০৭৮ ।

D. S. D. No. 21370/-
vide D.D. No. 637814
Dated 18/11/02
D. A. Rs. 9405/-
Paid

D. S. R.-III
24-Pgs. (S)
18/11/02

No. 503 ... Date 11/11/02

Sold to Haran Ch. Naskar & ors

of 37 Arya Vidyalay Rd Kasba Kol-78

Rupees 1000/-

Stamp Vendor
Alipore Collectorate
South 24 Pgs

Presented for Registration 12-37 A.M./P.M. on the 12th day of NOV 19 2002 at the Sadar Registration Office, Alipore, South 24 Parganas by Executant/Claimant or one of the Executants/Claimants or Attorney for Nanda Rani Naskar

503 - 1000
504 - 1000
505 - 1000
506 - 1400

Dist. Sub-Registrar III
Alipore, South 24-Parganas
12-11-02

1. Nanda Rani Naskar
w/o Lt. Dasarathi Naskar
of 37 Acharya Bidyalaya Rd
P.S. Kasba Cal-78

2. Bula Rani Mondal
w/o Lt. Hrishikesh Mondal
of Hinchakhali P.S. Canning

Name 3. Aita Rani Mondal
S/o. W/o. D/o. Binay Krishna Mondal
of Malir Dhar
P.S. Canning
Dist South 24 Parganas
by Caste Hindu/~~Muslim~~
by Profession ..........

9710

9711

9712

Name Haran Ch. Naskar
S/o. W/o. D/o. Lt. Dasharathi Naskar
of 37/A Acharya Bidyalaya Rd
P.S. Kasba Cal-78
Dist South 24 Parganas,
by Caste Hindu/Muslim.
by Profession ..........

Dist. Sub-Registrar III
Alipore, South 24-Parganas
12-11-02

1000Rs.

INDIA NON JUDICIAL

१000 रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES



দানপত্র দাত্রীগণ : - ১। শ্রীমতী নন্দ রাণী নস্কর, স্বামী মৃত দাশরথী নস্কর,
সাকিন- ৩৭ নম্বর আর্য্য বিদ্যালয় রোড, থানা কসবা,
কোলকাতা - ৭০০০৭৮।
২। শ্রীমতী বকুলা রাণী মন্ডল, স্বামী স্বর্গীয় হৃষীকেশ মন্ডল
সাকিন -গ্রাম- হিঙ্গলখালি, পোঃ- নিকারীঘাটা ,
থানা- ক্যানিং, জেলা দক্ষিণ ২৪পরগণা ।
৩। শ্রীমতী গীতা রাণী মন্ডল, স্বামী শ্রী বিনয় কৃষ্ণ মন্ডল,
সাকিন- মালির ধার, থানা- ক্যানিং, জেলা দক্ষিণ ২৪পরগণা।
সকলের জাতি - হিন্দু, পেশা- গৃহস্থালী ।

---

কস্য হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের তপশীলে বর্ণিত কমবেশ নীট জমি ৭ কাঠা ৩ ছটাক ২৭ বর্গফুট এবং রাস্তা বাবদ ২ কাঠা ২৯ বর্গফুট একুনে ৯ কাঠা ৪ ছটাক ১১ বর্গফুট বাস্ত জমি জমা যায় তদুপরিস্থিত ৩০০ বর্গফুট পরিমিত

1000Rs.




( ৩ )

টালির ছাউনী বিশিষ্ট গৃহাদী সহ সম্পত্তি যায় সাজপাট আকর আওলাতাদি সহ যায় সংলগ্ন রাস্তারসর্ববিধ ব্যবহারিক রাইট অব ইজমেন্ট সুত্বাদি সহ দরবস্তু হক হকুক সম্পূর্ন নির্দায়, নির্দোষ ও মুক্তাবস্থায় শুভ দানপত্র দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা - দক্ষিণ ২৪ পরগণা, থানা সাবেক টালিগঞ্জ তৎপুর যাদবপুর হাল থানা- কসবা, পরগণা- খাসপুর, রে :সা: নং ২, অত্র জেলা কালেক্টারির ১০,১২,১৩ নং তৌজিভুক্ত জে :এল: নং ১৯, মৌজা- গড়ফা গ্রামে অবস্থিত বর্ত্তমানে কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১০৫ নং ওয়ার্ড ভুক্ত ৩৭ নং আর্য্য বিদ্যালয় রোড প্রেমিসেস ভুক্ত হাল রিভিসন্যাল জরিপের ৫৮৫ ও ৫৩১ নং - খতিয়ানের অন্তর্গত ২০৮ নং এবং ২১১ নং দাগের রাস্তা সহ কমবেশ ১ কাঠা ৪ ছটাক ১১বর্গফুট জমি জমা ও গৃহাদী সহ সম্পত্তি অত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে।

1000Rs.





( ৪ )

নন্দরানী নস্কর
দুলারানী মন্ডল
গীতা রাণী মন্ডল

উক্ত সম্পত্তি সহ ১৮ কাঠা ৮ ছটাক ২২ বর্গফুট জমি জমা আমাদের পূর্ব্বাধিকারী জনৈক রামলাল নস্কর ও চুনীলাল নস্করের প্রাপ্ত ও স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে। উক্ত সম্পত্তিতে তাহারা দুইজনে সমভাবে মালিকানা স্বত্বে ভোগ দখল করিতে থাকাকালিন অন্যতম অংশীদার চুনীলাল নস্কর মহাশয় পরলোক গমণ করিলে তাহার অংশের ত্যাক্ত সম্পত্তি তাহার স্ত্রী যশোদা নস্কর প্রাপ্ত হইয়া মালিকদখলিকারিনী থাকাবস্থায় তিনিও পরলোক গমন করেন।

অতঃপর উপরোক্ত সমুদয় সম্পত্তি চুনীলাল নস্করের সহোদর ভ্রাতা রামলাল নস্করর মহাশয় একক ষোল আনা মালিক দখলিকার নিযুক্ত হইয়া ভোগ দখল করিতে থাকাকালিন তাহার পুত্র দাশরথী নস্কর ও বংকিম নস্কর কে ওয়ারিশ বিদ্যমান রাখিয়া উক্ত রামলাল নস্কর পরলোক গমন করিলে পর তাহার উক্ত দুই পুত্র দাশরথী নস্কর এবং

10 Rs.




( ৫ )

বংকিম নস্কর একত্রে তাহাদের পিতার ওয়ারিশসূত্রে সমুদয় সম্পত্তি প্রাপ্ত হইয়া ভোগ দখল করিতে থাকাকালিন বংকিম নস্কর মহাশয় তাহার স্ত্রী পদ্ম রানী নস্কর কে ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করেন এবং তৎপরে তাহার স্ত্রী উক্ত পদ্ম রানী নস্কর ও কোন ওয়ারিশ না রাখিয়া বংকিম নস্করের সহোদর ভ্রাতা দাশরথী নস্কর কে ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করেন ।

অত:পর উক্ত দাশরথী নস্কর মহাশয় সমুদয় সম্পত্তির একক ষোল আনা মালিক দখলিকার নিযুক্ত হইয়া ভোগ দখল করিতে থাকাকালিন তাহার স্ত্রী, তিন পুত্র ও দুই কন্যা ( এই দানপত্র দলিলের গ্রহিতাগণ ও দাত্রীগণ ) কে ওয়ারিশ বিদ্যমান রাখিয়া তিনি ইংরাজী ১।২।১৯৮০ তারিখে পরলোক গমন করেন । প্রকাশ থাকে যে, উক্ত দাশরথী নস্কর মহাশয় তাহার জীবদ্দশায় উক্ত খতিয়ানের অন্তর্গত উক্তদাগস্থিত ২ শতক জমি জমা তাহার কন্যা এবং দাত্রী গীতা রানী মন্ডলকে বিক্রয় করিয়া দেন। উক্ত কোবালা

শান্তি রাণী নস্কর
পুতুল রানী মন্ডল
গীতারাণী মন্ডল



দলিল এস, আর, আলিপুর অফিসে বুক নং ১, ভল্যুম নং ৮২, পেজেস ২২০- ২২১ বিয়িং নং ৪৫৫৬ ফর দি ইয়ার ১৯৫৮ রূপে লিপিবদ্ধ আছে।

এমতপ্রকারে আমরা অত্র দানপত্র দাত্রীগণ ও দানপত্র গ্রহিতাগণ উক্ত দাশরথী নস্করের মৃত্যুর পর সকলে একত্রে ওয়ারিশ সূত্রে ও খরিদা সূত্রে নীট ১৪ কাঠা ৭ ছটাক ৯ বর্গফুট এবং রাস্তার বাবদ ৪ কাঠা ১ ছটাক ১৪ বর্গফুট একুনে রাস্তা সহ ১৮ কাঠা ৮ ছটাক ২২ বর্গফুট জমি জমা যায় গৃহাদী সহ সম্পত্তি মালিক দখলিকারিনী ও দখলিকার নিযুক্ত হইতেছে এবং আছি এবং আমরা অত্র দানপত্র দাত্রীগণ সর্ব্বমোট সম্পত্তির অবিভক্ত ।।৵ আনা অংশের তপশীলে বর্ণিত দানকৃত সম্পত্তির মালিক হইতেছি এবং দানপত্র গ্রহিতাগণ অবিভক্ত ।।৹ আনা অংশের মালিক হইতেছে।

প্রকাশ থাকে যে, উক্ত সমুদয় সম্পত্তি হাল রিভিসন্যাল জরিপে উক্ত সম্পত্তি হাল ৫৮৫ উঃ (৫০১ নং -) খতিয়ানে ১১১ এবং ১০৮ নং দাগভুক্ত হিসাবে দাশরথী নস্কর, বংকিম নস্কর, উভয়ের পিতা রাখলাল নস্কর এবং যশোদা দাসী স্বামী চুনিলাল নস্কর, উপেন্দ্র নাথ সাপুই, পিতা কেদার নাথ সাপুই দীং তুল্যাংশে রেকর্ড ভুক্ত হইয়াছে।

প্রকাশ থাকে যে, আমরা অত্র দানপত্র দাত্রীগণ ও গ্রহিতা উপরোক্ত ওয়ারিশ সূত্রে ও খরিদা সূত্রে সমুদয় সম্পত্তির যৌথ মালিক সুরূপে ভোগ দখল করিতে থাকাকালিন হাল কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে নিজদিগের নাম পত্তন করতঃ ধার্য্য করাদি আদায়ে মালিক দখলিকারিনী ও দখলিকার নিযুক্ত আছি। উক্ত সম্পত্তি আমাদের নাম বরাবর ৩৭, আর্য্য বিদ্যালয় রোড প্রেমিসেস ভুক্ত ১০৫ নং

ওয়ার্ড ভুক্ত ০১- ১০৫ ০১- ০০০৭- ০ নং এ্যাসেসী ভুক্ত হইয়াছে ও আছে।

এক্ষণে অত্র দানপত্র দলিলের গ্রহিতাগণ যথাক্রমে যে দানপত্র দলিলের দাত্রীগণ মধ্যে ১নং দাত্রীর পুত্র গণ ও ২/৩ নং দাত্রীর সহোদর ভ্রাতাগণ হইতেছ। তোমরা অত্র দানকৃত সম্পত্তি বাদে অবিভক্ত অর্দ্ধাংশের মালিক অংশীদার হইতেছ। তোমরা অত্র গ্রহিত্রীগণ আমাদের প্রতি তোমাদের আচার ব্যবহারের ও কর্ত্তব্য পরায়ণতায় আমরা অতীব সন্তুষ্ট এবং প্রীত আমরা আশা রাখি আমাদের জীবিতকালতক তোমরা আমাদের প্রতি তোমাদের এইরূপ করনীয় কর্ত্তব্য হইতে কোনও দিন বিচ্যুত হইবে না। আমরাও তোমাদিগকে অত্যান্ত ভালবাসি। তোমাদের উক্তরূপে কর্ত্তব্যপরায়ণতা ও ভালবাসার নিদর্শন সরূপে আমাদের মনবাসনা চরিতার্থ করিবার নিমিত্ত আমাদের প্রাপ্ত প্রতিকের অবিভক্ত ---১/৬--- অংশে সরূপে তিনজনের অবিভক্ত ---১/২---অংশের কমবেশ নীট জমি ৭ কাঠা ৩ ছটাক ২৭ বর্গফুট রাস্তার জন্য ২ কাঠা ২১ বর্গফুট একুনে ১কাঠা ৪ ছটাক ১১ বর্গফুট বাস্ত জমি মায় তদুপরিস্থিত গৃহাদী সহ সম্পত্তি তোমাদিগকে দান করিবার ইচ্ছা প্রকাশ করিলে, তোমরা আমাদের এই দান স্বানন্দে গ্রহন করিবার সম্মতি জ্ঞাপন করিলে, আমরা অত্র দানপত্র দলিল বলে আমাদের ওয়ারিশ সূত্রে ও খরিদা সূত্রে প্রাপ্ত তপশীলে বর্ণিত সম্পত্তি তোমাদিগকে দান করতঃ দানপত্র দলিলেরসহি সম্পাদন করিয়া দিয়া এতদ্বারা স্বীকার অঙ্গিকার করিতেছি যে :-

উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে এযাবৎকাল আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, লভ্য, অধিকারাদি ছিল ও আছে তাহা অদ্য হইতে রদ, রহিত হইয়া

সম্পূর্ন রূপে তোমাদিগের প্রতি বর্তিল ও অর্পিল। তোমরা অদ্য হইতে উহাতে নিজদিগের নাম মালিক সরকারে ও কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে পত্তন করতঃ খাজনা ও ট্যাক্সাদি যথারীতি আদায় দিয়া যদৃচ্ছা সহকারে ভোগ দখল করিতে থাক এবং আমাদের তুল্য সর্ব প্রকারক্ষমতা যুক্তে দানকৃত সম্পত্তি দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা সর্ববিধ হস্তান্তররূপান্তর করনের ক্ষমতাযুক্তে পুত্র, পৌত্রাদি ওয়ারিশানগনক্রমে ভোগ দখল করিতে থাক তাহাতে আমরা যায় আমাদের ওয়ারিশান গনের কাহারও কোন ওজর আপত্তি রহিল না বা ভবিষ্যতে কেহ দাবী দাওয়া করিলেও তাহা অত্র দানপত্র দলিল বলে সর্বত্র, সর্বাদালতে বাতিল ও নামঞ্জুর গণ্য হইবে।

প্রকাশ থাকে যে, অত্র দানকৃত সম্পত্তি ইতিপূর্বে আর অন্য কাহারও নিকট দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা কোন প্রকার হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই। উহা কোন প্রকার মামলা মোকদ্দমার বিষয়ীভূক্ত সম্পত্তি নহে বা কাহারও খোর পোষের দায়ে বা জামিনাদিতে আবদ্ধ নাই। উহা সরকার বা কোন বে-সরকারী প্রতিষ্ঠান কর্তৃক রিকুইজিশান বা এ্যাকুইজিশান হয় নাই, উহা কোন প্রকার দেব সেবায় অর্পণ করি নাই। সম্পূর্ন নির্দায়, নির্দোষঅবস্থায় আমাদের খাস দখলে থাকাকালিন তোমাদিগকে দান করতঃ উহার খাস দখল প্রদান করিয়া উহা হইতে আমরা যায় ওয়ারিশানগনক্রমে চিরতরে নিঃস্বত্ববতী ও দখলচ্যুতা হইলাম।

যদি ভবিষ্যতে অত্র দলিলে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তজ্জন্য কোন সংশোধন দলিল করিবার আবশ্যকে আমরা তোমাদিগের তলবমত উহার সংশোধন দলিল রেজেষ্ট্রী করিয়া দিতে সম্মত রহিলাম ও রহিবে।

( ১ )

এতদর্থে সুস্থ শরীরে, সরলমনে, অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় অত্র দলিলেরলিখিত মর্ম সম্যক অবগত হইয়া ও আমাদের মনের বাসনা অনুযায়ী অত্র দানপত্র দলিল দানপত্র গ্রহিতা তোমাদের নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিলাম। ইতি তাং ইংরাজী ২০০২ সালের ১২ই নভেম্বর বাংলা ১৪০৯ সনের ২৫শে কার্তিক।

- : তপশীল দানকৃত সম্পত্তির পরিচয় :-

জেলা - দক্ষিণ ২৪ পরগণা, থানা সাবেক টালিগঞ্জ তৎপর যাদবপুর হাল থানা - কসবা, সাব-রেজেষ্টী অফিস - শিয়ালদহ, জেলা রেজেষ্ট্রী আলিপুর, পরগণা - খাসপুর, রে:সা: নং ২, তৌজি নং ১২, ১০, ১৩ নংভুক্ত জে:এল: নং ১৯, মৌজা- গড়ফা গ্রামে অবস্থিত বর্তমানে কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০৫ নং ওয়ার্ড ভুক্ত ৩৭ নং আর্য্য বিদ্যালয় রোড প্রেমিসেস ভুক্ত হাল ১০৮ (নয়শত আট) ও ৩০১নম্বর - রিভিসন্যাল জরিপের ৫৮৫ নং খতিয়ানের অধীন হাল ৯০৮ (নয়শত আট) ও ৯১১ (নয়শত এগার) নং খতিয়ানের অধীন দাগস্থিত দলিল গর্ভে বর্ণিত মোতাবেক দাত্রীগণ ও গ্রহিতাগনের একত্রে প্রাপ্ত সম্পত্তি মধ্যে অত্র দানপত্র দাত্রীগণ প্রাপ্ত অবিভক্ত আট আনা অংশের নীট জমি ৭ কাঠা ৩ ছটাক ২৭ বর্গফুট এবং রাস্তা বাবদ ২ কাঠা ২৯ বর্গফুট একুনে রাস্তা সহ ৯ (নয়) কাঠা ৪ (চার) ছটাক ১১(এগার) বর্গফুট বাস্তু জমি জমা যায় তদুপরিস্থিত ৩০০ বর্গফুট পরিমিত টালির ছাউনী ও ইটের দেওয়াল যুক্ত পুরাতন গৃহাদী সহ সম্পত্তি যায় তদসংলগ্ন ও সংশ্লিষ্ট সববিধ

ব্যবহারিক ইজমেন্ট সুত্বাদি সহ অত্র দানপত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে।

দানকৃত সম্পত্তির বর্ত্তমান বাজারোচিত মূল্য মং ১,৬০,০০০•০০ এক লক্ষ ষাট হাজার টাকা হইতেছে। উক্ত মূল্যের উপর প্রচলিত ষ্ট্যাম্প প্রদত্ত হইল।

দানকৃত সম্পত্তির এ্যাসেসী নাম্বার ৩১- ১০৫- ০১- ০০৩৭- ০ হইতেছে।

অত্র দান, দানপত্র গ্রহিতা আমরা
সানন্দে গ্রহন করিলাম।

ইসাদী :-
--------------------

মুসাবিদাকারক :-
Alok Safui
Advocate
F460/77
Alipore Police Court
Kol- 27

টাইপকারক :-
শ্রী শৈলেন সানা
আলিপুর, কোলকাতা ২৭।
--------------------

Book No. 1

Volume No. 148

Pages 123 To 132

Being No. 6188

For the year 200 2

Office of the Dist Sub-Registrar III * South 24 Parganas Alipore *

Dist. Sub-Registrar III
Alipore, South 24-Parganas
12-11-02

Office of the Dist. Sub-Registrar III * South 24 Parganas Alipore *

Dist. Sub-Registrar III
Alipore, South 24-Parganas
26-12-02

Scanned with OKEN Scanner